

কৃষি কলেজে ভর্তি

ঢাকা স্ব বাংলাদেশ কৃষি কলেজে ১ম বর্ষ স্নাতক কৃষি সম্মান-এ ভর্তি বিজ্ঞপ্তির প্রতি আমাদের দুটি আকর্ষণীয় হুমুসে। আমরা দাঙ্গণভাবে বিস্মিত। উক্ত বিজ্ঞপ্তিতে উল্লেখ ছিল যে, যারা ১৯৭৮ সনের পূর্বে এস, এস, সি পরীক্ষা পাস করেছে, তারা ভর্তির জন্য আবেদন না করলেও পারে। অর্থাৎ শুধু মাত্র নিম্ন মিত ছাত্ররাই আবেদন করতে পারবে। কিন্তু কলেজ কর্তৃপক্ষ সমীপে আমাদের জিজ্ঞাসা, বাংলাদেশের ৪টি শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃত 'মান উন্নয়ন পরীক্ষার' কথা আপনারা অবগত আছেন কিনা। যারা ১৯৭৯ সনে উচ্চ মাধ্যমিক পরীক্ষার খারাপ রেজাল্ট করতে চলে যান উন্নয়ন পরীক্ষা দিয়ে আশানুরূপ ফল অর্জন করেছেন, তাদের এস এস সি পরীক্ষার রেজাল্ট স্বাভাবিকভাবেই ৭৭ সনের। কাজেই ভালো রেজাল্ট সত্ত্বেও তাদের ভর্তির জন্য আবেদন করার সুযোগ না দেয়ার পরোক্ষভাবে

৪ বোর্ড কর্তৃক স্বীকৃত 'মান উন্নয়ন পরীক্ষা' কেই হয় করা হচ্ছে।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের নিয়মাবলীতে ১৯৭৭ সন পর্যন্ত মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণদের আবেদন করার সুযোগ দেয়া হয়েছে। সে প্রেক্ষিতে বলছি, যারা ১৯৭৯ সনে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হয়েও আর্থিক দৈন্য, শারীরিক অসুস্থতা ইত্যাদি কারণে কিংবা ভর্তি পরীক্ষায় সফলকাম না হওয়াতে গত বছর কৃষি কলেজে ভর্তি হতে পারেনি, তাদেরকে আবেদন করতে দিয়ে আরেকবার ভর্তির সুযোগ দেয়া বিধেয় বলে আমরা মনে করি।

১৯৭৭ সনে মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণদের পক্ষে—
নীতিশ কুমার সাহা, ভিক্টোরিয়া
সরকারী কলেজ, কুমিল্লা।